# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌ বাহিনী

প্রতিষ্ঠানের নামঃ.........................
ঠিকানাঃ..................................
..........................................
মোবাইল নংঃ...........................

টেন্ডার নং বাবি-১৩/২০০/২২-২৩
তারিখঃ ২১/০৩/২০২৩
খোলার তারিখঃ ৩০/০৩/২০২৩, বেলাঃ ১১.৩০ ঘটিকা
দরপত্রের মূল্য টাঃ ৫০০/-(পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য)

## দরপত্র

১। এতদ্বারা খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর উত্তরে অবস্থিত দ্বিতল টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ভবনটি (পুরাতন বরফ কল) এর পরিত্যক্ত ভবন (ফাউন্ডেশনসহ) বর্তমানে যে অবস্থায় আছে, সে অবস্থায় সর্বোচ্চ মূল্যে বিক্রয়ের জন্য আগ্রহি ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | মালামালের বিবরন | পরিমান | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|
| ০১। | খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) এর উত্তরে অবস্থিত পরিত্যক্ত দ্বিতল টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (পুরাতন বরফ কল) ভবন (ফাউন্ডেশনসহ) বর্তমানে যে অবস্থায় আছে সে অবস্থায় ভেঙ্গে প্রাপ্ত সকল মালামাল নিতে হবে। মালামাল নেওয়ার পর ফাউন্ডেশনের গর্ত ও কর্তনকৃত এরিয়া সমতল করতে হবে। যাবতিয় কাজ পুরকৌশল শাখা প্রধান অথবা তার মনোনীত ব্যক্তির নির্দেশ মোতাবেক সম্পন্ন করতে হবে। উল্লেখ্য আংশিক অপসারণ কাজ গ্রহনযোগ্য হবে না। | ০১ লট | থোক দর টাকা (অংকে ও কথায়)ঃ |

২। ক। ভবনটি অফিস চলাকালিন সময় পুরকৌশল শাখার নির্দেশনা অনুযায়ি সরেজমিনে পরিদর্শন করা/ দেখা যাবে।

খ। ভবন যে অবস্থায় আছে, সে অবস্থায় কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে নিজ খরচে ভেঙ্গে নিতে হবে। সর্বোচ্চ দরদাতা কর্তৃক অবশ্যই সমস্ত ভবন (মাটির উপরের এবং নিচের ভিত্তিসহ) এবং আনুষঙ্গিক দ্রব্যাদি অপসারন করতে হবে। কোন অংশ অপসারন করতে ব্যর্থ হলে তা শর্ত ভঙ্গ বলে বিবেচিত হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।

গ। ভবনটির বিক্রয় মূল্যের ৫% আয়কর এবং ৭.৫০% ভ্যাট নিলাম ক্রেতাকে পরিশোধ করতে হবে। এমতাবস্থায় উক্ত আয়কর ও ভ্যাট অন্তর্ভূক্ত করে মোট দর প্রদান করতে হবে।

ঘ। দরদাতা নিজে অথবা তার কোন ব্যক্তি দূর্ঘটনায় পতিত হলে সংশ্লিষ্ট দরদাতাকে তার দায়ভার বহন করতে হবে। এর জন্য খুশিলি কর্তৃপক্ষ দায়মুক্ত থাকবে।

ঙ। ভবন ভাঙ্গার যাবতিয় যন্ত্রপাতি /সরঞ্জামাদি দরদাতা কর্তৃক সরবরাহ করতঃ কাজ করতে হবে।

চ। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদানের ০৩ (তিন) দিনের মধ্যে সম্পূর্ন অর্থ পরিশোধ করতঃ ভবন ভাঙ্গার কাজ শুরু করে পরবর্তি ৬০ (ষাট) দিনের মধ্যে সকল মালামাল অপসারণ করতে হবে। উক্ত ভবন অথবা তার অংশ বিশেষ ভাঙ্গতে অথবা নিতে ব্যর্থ হলে বিক্রয়াদেশ বাতিলসহ জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

ছ। দরদাতা কর্তৃক শ্রমিকের বিল খুশিলির বাহিরে পরিশোধ করতে হবে।

জ। আগামি ২১ মার্চ ২০২৩ তারিখ হতে ২৯ মার্চ ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে দরপত্রের মূল্য বাবদ টাকা = ৫০০.০০ (পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য) প্রদান করতঃ দরপত্র সংগ্রহ করতে হবে।

ঝ। ৩০ মার্চ ২০২৩ তারিখ সকাল ১১.১৫ ঘটিকার মধ্যে জামানত হিসেবে টাকা = ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) মাত্র (ফেরতযোগ্য) বরাবর, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে, ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনদের সত্যায়িত কপিসহ বন্ধ খামে খুশিলির প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র ফেলতে হবে অথবা On line এ (Email: dgml.ksy@gmail.com) দরপত্র দাখিল করা যাবে। তবে ই-মেইলে দরপত্র প্রদানের ক্ষেত্রে অবশ্যই টাকা ৫০,০০০.০০ মাত্র এর পে-অর্ডার এবং দরপত্র ক্রয়ের টাকা ৫০০.০০ মাত্র এর মানিরিসিটের স্ক্যান কপি সকাল ১১.১৫ ঘটিকার মধ্যে ই-মেইলে প্রেরন করতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে মূল কপি বাণিজ্যিক লোকাল শাখায় পৌছাতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে। উল্লেখ্য যে, ই-মেইল যোগে দরপত্র প্রেরনের পর সকাল ১১.১৫ ঘটিকার মধ্যে এই মোবাইল নম্বরে (মোবাঃ ০১৭২১-০০৮৬৪৫) ফোন করে নিশ্চিত করতে হবে। উভয় ক্ষেত্রে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) মাত্র এর জামানত ব্যতিত দরপত্র বাতিল বলে গন্য হবে।

ঞ। নিলামের কার্যক্রম শেষে অকৃতকার্যদের জামানতের অর্থ আগামি ১৬ এপ্রিল ২০২৩ তারিখে ফেরত প্রদান করা হবে।

৩। দরপত্র আগামি ৩০ মার্চ ২০২৩ সকাল ১১.৩০ ঘটিকায় খুশিলির এমপ্লয়িজ ক্লাবে নিলামে অংশগ্রহনকারিদের উপস্থিতিতে খোলা হবে।

৪। <u>টেন্ডারের শর্তাবলিঃ</u>

ক। সর্বোচ্চ দর প্রদানকারি ব্যক্তি/ প্রতিষ্ঠানকে বিক্রয়াদেশ প্রদানের পর সম্পূর্ন অর্থ খুশিলির হিসাব বিভাগে (ক্যাশ শাখায়) পরিশোধ পূর্বক খুশিলি নির্ধারিত তারিখের মধ্যে মালামাল ডেলিভারি নিতে হবে। উক্ত তারিখের মধ্যে মালামাল নিতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য টাকা ২,০০০.০০ (দুই হাজার) মাত্র হারে জরিমানা প্রদান করতে হবে।

খ। ক্রেতাকে নিজ খরচে মালামাল কাটিং, হ্যান্ডলিং, লোডিং এবং পরিবহন করতে হবে।

গ। মূল্য তালিকা অবশ্যই ৪০ (চল্লিশ) দিন পর্যন্ত বলবৎ রাখতে হবে।

ঘ। কোন দরদাতা শর্ত ০৪ এর ক) মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে মূল্য পরিশোধ করতে এবং মালামাল সরবরাহ নিতে ব্যর্থ হলে উক্ত দরপত্র বাতিলসহ সংশ্লিষ্ট দরদাতার জমাকৃত অর্থ টাকা ৫০,০০০.০০ (পঁঞ্চাশ হাজার) মাত্র বাজেয়াপ্ত করা হবে।

ঙ। খামের উপরে অবশ্যই টেন্ডার নম্বর ও খোলার তারিখ লিখতে হবে।

চ। কোন কারন দর্শানো ব্যতিরেকে খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃপক্ষ উক্ত টেন্ডার প্রক্রিয়া অথবা মালামাল বিক্রয় স্থগিত/ বাতিল করতে পারবে।

এম এম খায়রুল আলম
বাণিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

<u>টেন্ডার কমিটির স্বাক্ষরঃ</u>

| বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | প্রধান ভান্ডার |
|---|---|---|

---

আমরা অপর পৃষ্ঠায় সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

সরবরাহকারীর স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টি আই এন নং-